গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০০০.১৫৬.৩২.০০০৯.৯২.২৭১ তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

বিষয়: দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর কার্যনির্বাহী কমিটির মেয়াদ ০৪ (চার) মাস বৃদ্ধি।
সূত্র: সভাপতি, দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর ২৪/০৯/২০২৬ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-এর কার্যনির্বাহী কমিটির সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের স্বার্থে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৪ ধারা অনুযায়ী বর্তমান কার্যনির্বাহী কমিটির মেয়াদ নিম্নলিখিত শর্তসাপেক্ষে ২২ মার্চ ২০২৭ তারিখ হতে ০৪ (চার) মাস নির্দেশক্রমে বৃদ্ধি করা হলো।

শর্তসমূহ:

ক) "দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি"-এর সংঘস্মারক ও সংঘবিধি এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর ২০ নং বিধি অনুযায়ী নির্বাচনের অন্তত ৯০ (নব্বই) দিন পূর্বে কার্যনির্বাহী কমিটি কর্তৃক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন বোর্ড এবং ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন আপীল বোর্ড গঠন করতে হবে;

খ) বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর ২১ নং বিধি অনুযায়ী নির্বাচনের অন্তত ৮০ (আশি) দিন পূর্বে গঠিত নির্বাচন বোর্ড কর্তৃক উক্ত বিধিমালার সংশ্লিষ্ট বিধিসমূহ অনুসরণক্রমে নির্বাচন তফসিল প্রকাশ করতে হবে;

গ) বর্ধিত মেয়াদ শেষ হবার ১৫ (পনের) দিন পূর্বে পরবর্তী কার্যনির্বাহী কমিটির নির্বাচন সম্পন্ন করে নির্বাচিত কার্যনির্বাহী কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করতে হবে;

ঘ) উল্লিখিত পদক্ষেপসমূহ সময়ে সময়ে বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

১৫-১১-২০২৬
মোঃ শহীদুল হক চৌধুরী
উপসচিব
ফোন : +৮৮ ০২ ৯৫৬৯০০১
ফ্যাক্স : +৮৮ ০২ ৯৫৪০২১৩
ইমেইল : to1@mincom.gov.bd

সভাপতি
দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার ভবন, চেম্বার সড়ক, মালদহপট্টি, দিনাজপুর-৫২০০।

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০০০.১৫৬.৩২.০০০৯.৯২.২৭১/১ (৪) তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস সচিব, দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার ভবন, চেম্বার সড়ক, মালদহপট্টি, দিনাজপুর-৫২০০।

১৫-১১-২০২৬
মোঃ শহীদুল হক চৌধুরী
উপসচিব